

গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

ওয়ার্ড সমন্বয় কমিটি

১২ নং ওয়ার্ড।

সভার নোটিশ

তারিখঃ ০৫/০৭/২০২২

জনাব/জনাবা,

এতদ্বারা সম্মানীত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৭/২০২২ ইং তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকার সময় ১২নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ে ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC) সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে আপনার উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

আলোচ্য বিষয়ঃ-

- ১। ড্রেনেজ প্রসঙ্গে আলোচনা।
- ২। হোল্ডিং কর প্রসঙ্গে আলোচনা।

অনুলিপিঃ-

- ১। মাননীয় মেয়র মহোদয়(জিসিসি)
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা।
- ৩। অফিস কপি।

ধন্যবাদান্তে

*Ahmedin*

আব্বাস উদ্দিন (খোকন)  
ওয়ার্ড সমন্বয় কমিটির  
কাউন্সিলর, ১২নং ওয়ার্ড  
গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

# গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর

১২নং ওয়ার্ডের WLCC সভার কার্যবিবরণী

সভাপতি : আব্বাছ উদ্দিন (খোকন)  
কাউন্সিলর, ১২নং ওয়ার্ড  
গাজীপুর সিটি কর্পোরেশন।

সভার স্থান : ১২নং ওয়ার্ড কার্যালয়।  
সভার তারিখ : ১২/০৭/২০২২ ইং  
সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যের নামের তালিকা, আলোচনা এবং সিদ্ধান্ত নিচে দেওয়া হইলঃ

সভার শুরুতেই সভাপতি মহোদয় জনাব আব্বাছ উদ্দিন (খোকন) গাজীপুর সিটি কর্পোরেশন এর কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষে গঠিত কমিটির আজকের সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ-

ক্রঃ নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত
০১	ড্রেনেজ প্রসঙ্গে আলোচনা।	সভায় উপস্থিত সদস্য আব্দুর রশিদ বলেন ১২নং ওয়ার্ডের সার্বিক উন্নয়ন সম্পর্কে আলোচনা তুলে ধরেন। তিনি ১২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আব্বাছ উদ্দিন খোকন এর উন্নয়নমূলক কাজের কথা বলতে থাকেন একের পর এক। প্রথমত বাইমাইল মহল্লাটি যত রাস্তা আছে, তার প্রতিটির সাথে ড্রেনের ব্যবস্থা করতে হবে।	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত বিষয়ে সর্বসম্মতি ক্রমে স্বীকৃতি লাভ করে।
০২	হোল্ডিং কর প্রসঙ্গে আলোচনা।	সভায় উপস্থিত আজাহরুল ইসলাম বলেন যে, আমরা ১২নং ওয়ার্ড বাসি হোল্ডিং কর দিতে কষ্ট হয়। উক্ত বিষয় সম্পর্কে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মেয়র মহোদয় স্যারকে	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত বিষয়ে সর্বসম্মতি ক্রমে স্বীকৃতি

		১২নং ওয়ার্ড সচিব আব্দুল মোমেন বিশেষ ভাবে অনুরোধ জানান।	লাভ করে।
৩।	সেবার মান সম্পর্কে আলোচনা	সাধারণ জনগনের নিকট সেবার মানযেন ভাল হয়। দ্রুততার সাথে যেন সেবাটা পৌঁছে দেওয়া যায়।	

অদ্যকার সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় গৃহীত সিদ্ধান্ত গুলি বাস্তবায়নের জন্য অনুরোধ  
জানিয়ে সভার সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Ausadin*  
আব্বাস উদ্দিন (স্বাক্ষর)  
আব্বাস উদ্দিন (স্বাক্ষর)  
কাজীপুর, ১২নং ওয়ার্ড  
গাজীপুর সিটি কর্পোরেশন  
গাজীপুর।

সভাপতি ও কাউন্সিলর  
১২নং ওয়ার্ড  
গাজীপুর সিটি কর্পোরেশন।